**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 12/16/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

# গৃহহীনতার চক্র ভেঙ্গে দিতে সহায়তামূলক পরিষেবার জন্য গভর্নর হোকলের 40 মিলিয়ন ডলার বরাদ্দ ঘোষণা

***নিউ ইয়র্ক স্টেটের সহায়তামূলক আবাসন কর্মসূচি ব্যক্তি ও পরিবারগুলোকে গৃহহীনতা এড়াতে সাহায্য করবে এমন পরিষেবাগুলোর জন্য জরুরি তহবিল প্রদান করবে***

***স্টেটের তরফ থেকে এই অর্থায়ন 128টি কমিউনিটিভিত্তিক সংস্থাকে অরক্ষিত নিউ ইয়র্কবাসীদের কাছে সহায়তামূলক পরিষেবাগুলো পৌঁছে দেয়ার সুযোগ প্রদান করবে।***

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেটব্যাপী কমিউনিটিগুলোতে সহায়তামূলক আবাসন উন্নয়ন প্রকল্পগুলোর বাসিন্দাদের পরিষেবা প্রদানের জন্য 128টি অলাভজনক সংস্থা ও স্থানীয় সরকারকে 40 মিলিয়ন ডলারের তহবিল প্রদান করা হচ্ছে। স্টেটের সাময়িক ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তর (Office of Temporary and Disability Assistance) কর্তৃক বরাদ্দের অধীনে নিউ ইয়র্ক স্টেটের সহায়তামূলক আবাসন কর্মসূচি (Supportive Housing Program) 136টি স্থায়ী সহায়তামূলক আবাসন উন্নয়ন প্রকল্পের পাশাপাশি নিউ ইয়র্ক সিটির ডিপার্টমেন্ট অব হোমলেস সার্ভিসেস (Department of Homeless Services)-এর তদারকির অধীন 141টি সাইটকে তাদের বাসিন্দাদেরকে গৃহহীনতার চক্র ভেঙ্গে বেরিয়ে আসার জন্য প্রয়োজনীয় সহায়তা পৌঁছে দেয়ার জন্য কার্যক্রম পরিচালনার তহবিল প্রদান করবে।

"যেহেতু মহামারী এখনো চলমান রয়েছে, আমাদেরকে অবশ্যই আমাদের সহায়তামূলক পরিষেবার নেটওয়ার্কগুলো শক্তিশালী করতে হবে, যেগুলো অরক্ষিত অবস্থায় থাকা নিউ ইয়র্কবাসীদেরকে একটি নিরাপদ ও স্থিতিশীল জীবন যাপনের জন্য তাদের প্রয়োজনীয় সহায়তা প্রদান করে থাকে," **বলেছেন গভর্নর হোকল।** "সহায়তামূলক পরিষেবাগুলোর সাথে সাশ্রয়ী আবাসনকে একত্রিত করার মাধ্যমে, আমরা অরক্ষিত অবস্থায় থাকা নিউ ইয়র্কবাসীদেরকে তাদের আবাসনের অস্থিতিশীলতার জটিল মূল কারণটি মোকাবেলা করা ও কাটিয়ে উঠতে সাহায্য করছি, যাতে তারা এই দুষ্টচক্র থেকে বের হয়ে আসতে পারেন এবং স্বতন্ত্র, সন্তোষজনক জীবন যাপনের দিকে এগিয়ে যেতে পারেন।"

সর্বমোট, এই তহবিল স্টেট ব্যাপী 45টি কাউন্টিতে সহায়তামূলক আবাসন উন্নয়ন প্রকল্পগুলোতে প্রাপ্তবয়স্কদের জন্য 17,539টি একক বেড, 2,542টি পারিবারিক ইউনিট, ও তরুণ প্রাপ্তবয়স্কদের 372টি বেড-এর জন্য পরিষেবা প্রদান করবে। বরাদ্দগুলোর তালিকা দেখুন.

নিউ ইয়র্ক স্টেটের সহায়তামূলক আবাসন কর্মসূচি স্থায়ী বা উত্তরণমূলক আবাসন প্রকল্পগুলোতে বসবাসকারী উপযুক্ত জনগোষ্ঠীকে সহায়তা করতে সরাসরি পরিষেবা প্রদানের জন্য অনুদান প্রদান করতে তৈরি করা হয়েছে। এসব অনুদান আবাসনের স্থিতিশীলতা ও বৃহত্তর স্বনির্ভরতা উন্নত করার জন্য নকশাকৃত পরিষেবাগুলোর ব্যয় বহনে সহায়তা করে, যার মধ্যে কর্মসংস্থান, স্বাস্থ্যগত স্থিতিশীলতা এবং একাডেমিক অর্জন, ইত্যাদি অন্তর্ভুক্ত রয়েছে।

এই কর্মসূচি একটি বিস্তৃত পরিসরের ঘরোয়া নিউ ইয়র্কবাসীকে সহায়তা প্রদান করে থাকে, যাদের মধ্যে ঘরোয়া সহিংসতার ভুক্তভোগী; মানসিক অসুস্থতা রয়েছে অথবা মাদকদ্রব্য ব্যবহার সংক্রান্ত সমস্যার ইতিহাস রয়েছে এমন ব্যক্তি; ইতোপূর্বে ক্রিমিনাল জাস্টিস সিস্টেমে সম্পৃক্ত ছিলেন এমন ব্যক্তি; এবং HIV/AIDS নিয়ে বসবাস করছেন এমন ব্যক্তিরা অন্তর্ভুক্ত রয়েছেন। এছাড়াও, ফস্টার কেয়ার সিস্টেমের মধ্যে বেড়ে উঠতে থাকা তরুণ প্রাপ্তবয়স্ক ব্যক্তি; ঘর পালানো বা গৃহহীন তরুণ ব্যক্তি; অস্থায়ী সহায়তার মেয়াদ শেষ হয়ে যাচ্ছে অথবা শেষ হয়ে গেছে এমন পরিবার; কর্মসংস্থান ও স্থিতিশীল আবাসনের পথে একাধিক প্রতিবন্ধকতার সম্মুখীন হওয়া পরিবার; শিশুদের ফস্টার কেয়ারে চলে যাওয়ার ঝুঁকিতে রয়েছে এমন পরিবার; এবং ফস্টার কেয়ারে প্লেসমেন্টের পরে শিশুদের সাথে পুনর্মিলন ঘটছে এমন পরিবারগুলো এর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে।

এই কর্মসূচির মাধ্যমে অনুদানপ্রাপ্ত সহায়তামূলক পরিষেবাগুলো ব্যক্তি ও পরিবারগুলোকে স্থিতিশীল আবাসনে থাকতে সাহায্য করার জন্য নকশা করা হয়েছে যাতে তারা আবাসনের অনিরাপত্তা অথবা জরুরি আশ্রয়কেন্দ্রে প্লেসমেন্ট এড়াতে পারেন। এসব পরিষেবার মধ্যে অন্যান্য অনেক কিছুর পাশাপাশি কেস ব্যবস্থাপনা; সুযোগ-সুবিধা ও স্বাস্থ্যসেবা সংক্রান্ত পরামর্শ প্রদান; কাউন্সেলিং ও সংকটকালীন মধ্যস্থতা; কর্মসংস্থান বা কারিগরি সহায়তা; শিক্ষাগত সহায়তা; সন্তান লালন-পালনের দক্ষতা উন্নয়ন; এবং জীবন দক্ষতা সংক্রান্ত প্রশিক্ষণ, ইত্যাদি অন্তর্ভুক্ত রয়েছে।

অধ্যয়নগুলো ধারাবাহিকভাবে অরক্ষিত জনগোষ্ঠীকে আবাসনের স্থিতিশীলতা অর্জন করা এবং ধরে রাখার ক্ষেত্রে সাহায্য করার ক্ষেত্রে সহায়তামূলক আবাসনের দীর্ঘমেয়াদী ও ব্যয়সাশ্রয়ী ভূমিকা দেখিয়ে আসছে। সহায়তামূলক আবাসন মানসিক ও শারীরিক স্বাস্থ্যের ক্ষেত্রে অন্যান্য ইতিবাচক ফলাফল অর্জনের ক্ষেত্রে এবং গৃহহীনতার সম্মুখীন হওয়া ব্যক্তিদের দ্বারা স্বাস্থ্যসেবা, সংশোধনকেন্দ্র, ও অন্যান্য ব্যবস্থার ব্যবহার কমিয়ে আনার ক্ষেত্রেও কার্যকর হয়েছে।

**সাময়িক ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তরের এক্সিকিউটিভ ডেপুটি কমিশনার বারবারা সি. গুইন বলেন** "প্রায় ক্ষেত্রেই দেখা যায় যেসব নিউ ইয়র্কবাসী গৃহহীন হওয়ার উপক্রম হয়েছেন অথবা সম্মুখীন হয়েছেন, তারা তাদের আবাসনের অনিরাপত্তার ক্ষেত্রে অবদান রাখছে এমন কোনো অন্তর্নিহিত সমস্যার সাথেও মানিয়ে চলছেন। নিউ ইয়র্ক

স্টেটের সহায়তামূলক আবাসন কর্মসূচি অলাভজনক কমিউনিটিভিত্তিক সংস্থাগুলোকে অনুদান প্রদান করে যাতে তারা এসব ব্যক্তি ও পরিবারের জন্য তাদের গৃহহীনতার চক্র ভেঙ্গে বেরিয়ে আসতে কাজে লাগবে এমন অপরিহার্য পরিষেবাগুলো প্রদান করতে পারে।"

**সাপোর্টিভ হাউজিং নেটওয়ার্ক অব নিউ ইয়র্ক (Supportive Housing Network of New York)-এর এক্সিকিউটিভ ডিরেক্টর লরা ম্যাসুচ বলেন,** "সাপোর্টিভ হাউজিং নেটওয়ার্ক অব নিউ ইয়র্ক-এর 200টিরও বেশি অলাভজনক সদস্য সংস্থার পক্ষ থেকে, নিউ ইয়র্ক স্টেটের সহায়তামূলক আবাসন কর্মসূচির মাধ্যমে নিউ ইয়র্ক স্টেট ব্যাপী 136টি সহায়তামূলক আবাসনের জন্য 40 মিলিয়ন ডলারের অনুদান বরাদ্দ দেয়ার সাম্প্রতিক ঘোষণার জন্য আমরা সাময়িক ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তরকে ধন্যবাদ জানাই। NYSSHP প্রায় সময়েই ভাড়াটিয়াদেরকে তাদের কমিউনিটিতে স্থিতিশীলভাবে ও মর্যাদার সাথে বসবাস করতে সাহায্য করার জন্য সদস্য সংস্থাগুলোর তহবিলের একক উৎস হিসেবে ভূমিকা পালন করে থাকে এবং এই তহবিল স্টেটের সবচেয়ে অরক্ষিত গৃহহীন পরিবার ও ব্যক্তিদের জন্য গৃহহীনতার চক্র ভেঙ্গে বেরিয়ে আসতে সাহায্য করার ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।"

**ডিপার্টমেন্ট অব সোশ্যাল সার্ভিসেস (Department of Social Services)-এর কমিশনার স্টিভেন ব্যাঙ্কস বলেন**, "NYC ডিপার্টমেন্ট অব সোশ্যাল সার্ভিসেস গৃহহীনতা মোকাবেলা এবং সকল অভাবী নিউ ইয়র্কবাসীর জন্য স্থিতিশীলতার দিকে এগিয়ে যাওয়ার পথ শক্তিশালীকরণের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অগ্রগতি অর্জন করেছে। আনুমানিক 180,000 নিউ ইয়র্কবাসীকে অর্থপূর্ণ স্থায়ী সাশ্রয়ী আবাসনের সুযোগের সঙ্গে যুক্ত করা এবং 16,000 এরও বেশি নিউ ইয়র্কবাসীকে সহায়তামূলক আবাসনের সুযোগের সঙ্গে যুক্ত করা এর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে। স্টেটের তরফ থেকে এই অত্যন্ত গুরুত্বপূর্ণ তহবিলের জন্য আমরা কৃতজ্ঞ যা এই অগ্রগতির ধারা বহাল রাখতে এবং অরক্ষিত নিউ ইয়র্কবাসীদেরকে তাদের নিজেদের পায়ে উঠে দাঁড়াতে তাদের প্রয়োজনীয় ও প্রাপ্য উচ্চ-মানের সহায়তা ও সংস্থানগুলো প্রদান করার জন্য আমাদের মিশনকে আরো জোরদার করতে সাহায্য করবে।"

**সোশ্যাল সার্ভিসেস কমিটির সভাপতি সিনেটর রোক্সেন পারসুয়েড বলেন,** "নিউ ইয়র্ক স্টেটব্যাপী হাজার হাজার অরক্ষিত প্রাপ্তবয়স্ক ব্যক্তি ও পরিবার সহায়তামূলক আবাসন কর্মসূচির কারণে নিরাপদ বাড়ি পেয়েছে। আনুমানিক 130টি অলাভজনক সংস্থাকে বরাদ্দ করা এই 40 মিলিয়ন ডলারের অনুদান এমন র‍্যাপ-অ্যারাউন্ড পরিষেবাগুলো টিকিয়ে রাখতে সাহায্য করবে যেগুলো চূড়ান্ত পর্যায়ে সংগ্রামে লিপ্ত নিউ ইয়র্কবাসীদের জন্য স্থিতিশীলতা, স্বনির্ভরতা, অর্জন ও পুনরুদ্ধার লালন করবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418